# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়
## জেলা: চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
e-mail: chuadangapourasava@lgd.gov.bd

## টিএলসিসির (১৯তম) সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা

সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা

স্থান ঃ পৌরসভা মিলণায়তন।

তারিখ-৩১-০৩-২০২৬ খ্রিঃ

আলোচ্যসূচীঃ- টিএলসিসির উদ্দেশ্য ও কার্য-বিধির আলোকে পূর্ব-নির্ধারিত বিষয় বস্তুর উপর আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহন ঃ

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১ বিগত ইং ০৬-০১-২০২৬ তারিখে অনুষ্ঠিত শহর সমন্বয় কমিটির(TLCC)সভার কার্যবিবরণ পাঠ ও অনুমোদন। | সভার শুরুতে সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব কাজী শরিফুল ইসলাম, পৌর নির্বাহী কর্মকর্তা ও সদস্য-সচিব,শহর সমন্বয় কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন।<br><br>সভায় সম্মানিত সভাপতি জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা উপস্থিত সকলকে সদস্যগনকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি বলেন পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য আপনারা আমাদেরকে সহযোগিতা করেছেন তার জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। তিনি পৌর এলাকায় ডেঙ্গু মশার ভয়াবহতা থেকে রক্ষা পেতে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন।<br><br>অতপর সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা ও সদস্য-সচিব,TLCC চুয়াডাঙ্গা পৌরসভা বিগত ইং ০৬-০১-২০২৬ অনুষ্ঠিত ১৮তম সভার কার্যবিবরণী পাঠ করেন। এরপর TLCC সভার সম্মানিত সদস্যবৃন্দ সভায় কার্যবিবরণী নিয়ে পর্যালোচনা করেন এবং কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br><br>সম্মানিত সভাপতি মহোদয় সভায় উপস্থিত কমিটির সকল সদস্যকে পৌরসভার পক্ষ হতে আবারো ধন্যবাদ জ্ঞাপন করেন ও পৌরসভার উন্নয়নে পৌরবাসীর সার্বিক সহায়তা কামনা করেন । | ক) সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্রসভা সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।<br><br>খ) TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>গ) আগামী ৩০/০৬/২০২৬ তারিখের মধ্যে TLCC-র সভা আহবান করা।<br><br>ঘ) সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ এবং যথা সময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করা হবে।<br><br>ঙ) পর পর তিনটি সভায় উপস্থিত না থাকলে সদস্য পদ বাতিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হল। | প্রশাসক/পৌর পরিষদ/ সদস্য সচিব | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-২ শহর সমন্বয় কমিটি (TLCC) গঠন ও কার্যকর রাখা (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ১১৫ধারা)। | আলোচনায় অংশ নিয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কাজী শরিফুল ইসলাম ও সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), চুয়াডাঙ্গা পৌরসভা জানান যে, কোন সদস্য যদি পরপর তিনটি সভায় অনুপস্থিত থাকেন তাহলে তার সদস্য পদ বাতিল হয়ে যাবে। এ ছাড়াও তিনি আরো বলেন ত্রৈমাসিক ভিত্তিতে সভা করা এবং সভার ০৭ (সাত) দিন পূর্বে নোটিশ জারী করার বিধান রয়েছে। এছাড়া প্রতিটি সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | ক. যথা নিয়মে TLCC গঠন করায় অত্রসভা প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>খ. নিয়মিত সভা করার জন্য সুপারিশ করা হল।<br>গ. সভায় সকল সদস্যগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার সুপারিশ করা হল। | প্রশাসক/পৌর পরিষদ/ সদস্য সচিব | |
| বিষয়:-৩ WC গঠন ও কার্যকর রাখা (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ১৪ ধারা) | গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভার ওয়ার্ড (WC) কমিটি পূণ:গঠন করা হয়। আলোচনা কালে (WC) কমিটির সদস্য সচিব ও সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, চুয়াডাঙ্গা পৌরসভা জানান যে, WCকমিটির সভা সমূহ ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত করা হয়। | ক. যথা নিয়মে WC কমিটি গঠন করায় অত্রসভা প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>খ. ত্রৈমাসিক ভিত্তিতে WC-র সভা সম্পন্ন করা এবং সভায় কার্যবিবরণী প্রস্তুত করে যথা সময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করার সুপারিশকরা হয়। | সভাপতি, WC কমিটি/সদস্য সচিব | |
| বিষয়:-৪ নাগরিক সনদ প্রণয়ন ও বাস্তবায়ন (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ৫৩ ধারা) | নাগরিক সনদ(CC) সিটিজেন চার্টার প্রণয়ন ও বাস্তবায়ন নিয়ে আলোচনা কালে TLCC সদস্য সচিব ও পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কাজী শরিফুল ইসলাম বলেন যে, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের পত্র মোতাবেক পৌর আইন ও বিধি সাপেক্ষে নাগরিক সনদের প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধন/হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। TLCC সদস্য জনাব মো ঃ সিরাজুল ইসলাম মনি, পৌরসভা চত্বরে হালনাগাদ সিটিজেন চার্টার স্থাপন করায় পৌরসভাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো ০৫টি স্থানে যথা-ডিসি অফিস, বড় বাজার, সদর হাসপাতাল, বাস টার্মিনাল ও শ্মশান মোড়ে নাগরিক সনদ স্থাপন করার সুপারিশ করা হয়েছিল কিন্তু আজ পর্যন্ত কোন সিটিজেন চার্টার স্থাপন না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন। | ক. নাগরিক সনদ হালনাগাদ করার সুপারিশ করা হলো ।<br>খ. পৌরসভা চত্বরে হালনাগাদ সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে। আরো নুন্যতম ০২ টি স্থানে যথা- ডিসি অফিস, সদর হাসপাতাল মোড়ে সিটিজেন চার্টার স্থাপন করার সিদ্ধান্ত সুপারিশ আকারে গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা | প্রতি বছর |
| বিষয়:-৫ স্থায়ী (STC)কমিটি গঠন ও কার্যকর রাখা (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ৫৫ধারা)। | গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভা আইন ২০০৯ এর ৫৫ ধারা অনুযায়ী অত্র পৌরসভার স্থায়ী (STC) কমিটি পূণ:গঠন করা হয়। আলোচনা কালে (STC) কমিটির সদস্য সচিবগণ জানান যে, STC কমিটির সভা সমূহ সঠিক সময়ে করা হয় এবং সভার সিদ্ধান্ত সমূহ আলোচনার জন্য TLCC ও পরিষদের মাসিক-সভায় উপস্থাপন করা হয়। আলোচনান্তে গুরুত্বপূর্ণ সমস্যাগুলো চিহ্নিত করে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া যথা নিয়মে STCকমিটি গঠন করায় অত্র সভা প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক সভার সিদ্ধান্ত সমূহ আলোচনার জন্য TLCC ও পরিষদের মাসিক-সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হল।<br>খ. ত্রৈমাসিক ভিত্তিতে STC-এর সভা সম্পন্ন করা এবং সভায় কার্যবিবরণী প্রস্তুত করে যথা সময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করা হয়। | সভাপতি,STC কমিটি/সদস্য সচিব | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-৬ তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (IGRC) গঠন ও কার্যকর রাখা বিষয়ে আলোচনা। | তথ্য ও অভিযোগ প্রতিকার সেল নিয়ে আলোচনা কালে কমিটির আহবায়ক জনাব মাসুদুর রহমান সরকার TLCC সদস্য ও উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বলেন যে, পৌরসভার প্রবেশ দ্বারে একটি অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে এবং কোন অভিযোগ জমা পড়লে প্রাপ্ত অভিযোগ গুলি রেজিষ্টারে সংরক্ষণ করা হয় এবং অভিযোগ সমূহের বিবরণ TLCC ও পৌর পরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। তিনি আরো বলেন জানুয়ারী-মার্চ, ২০২৬ মাস ৩য় কোয়ার্টারে মোট ৩০টি জমি সংক্রান্ত অভিযোগ পাওয়া যায়। তন্মধ্যে সরেজমিনে উপস্থিত হয়ে বাদী ও বিবাদী উভয় পক্ষকে ডেকে ১৫টি অভিযোগ তাৎক্ষণিত নিষ্পত্তি করা হয় এবং ১০টি অভিযোগ নোটিশ প্রদানের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ০৫ টি অভিযোগ নিষ্পত্তির অপেক্ষায় আছে। এছাড়াও পৌরসভার সেনেটারী ইন্সপেক্টরের শাখায় ০৯ টি বিভিন্ন ধরনের অভিযোগ জমা পড়েছে। তন্মধ্যে বিভিন্ন গাছ কর্তন করার জন্য ০৭ টি এবং মুরগীর খামার স্থানান্তরের জন্য ০২ টি আবেদন পাওয়া যায়। আবেদনের মধ্যে হতে সরেজমিনে তদন্ত ও নোটিশের মাধ্যমে গাছ কর্তন অভিযোগের ০৭ টি আবেদন নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ০২ টি আবেদন নিষ্পত্তির অপেক্ষায় আছে। | ক. সকল অভিযোগ যথা সময়ে রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. IGRC কমিটি অভিযোগ বিবেচনায় নিয়ে উভয় পক্ষের শুনানী গ্রহনান্তে নিষ্পত্তি করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ. মাসিক ভিত্তিতে IGRC -র সভা সম্পন্ন করা এবং সভায় কার্য বিবরণী প্রস্তুত করে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করা।<br>ঘ. প্রতি ১৫ দিন পর পর প্রধান নির্বাহী কর্মকর্তার উপস্থিতিতে অভিযোগ বক্স খোলার সিদ্ধান্ত গৃহিত হল। | সভাপতি/সদস্য সচিব IGRC কমিটি | ৩ মাস |
| বিষয়:-৭ পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন। | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, ০৫ (পাঁচ) বছরের জন্য (২০২৩-২০২৮) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন করা হয়েছে। তিনি আরো জানান নতুন প্রকল্প গ্রহন করার সময় প্রকল্প সমূহ টিএলসিসির সভায় উপস্থাপন পূর্বক (PDP) তে সংযোগ করা হয়। আলোচনায় অংশ নিয়ে কমিটির সদস্য জনাব মো ঃ সিরাজুল ইসলাম মনি- পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (PDP) যথাসময়ে প্রস্তুত এবং এরই ধারা বাহিকতায় উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হওয়ায় পৌরসভাকে সাধুবাদ জানান। | ক. পৌরসভার জন্য ০৫ (পাঁচ) বছরের উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন সংশোধন কাজ সমাপ্ত হয়েছে এবং TLCC-র সভায় সুপারিশ গ্রহনের পর পৌর পরিষদে অনুমোদিত হয়েছে।<br>খ. পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুযায়ী পৌরসভার উন্নয়ন কর্মকান্ড অব্যাহত রাখা।<br>গ. ২০২৫-২০২৬ অর্থ বছরে গৃহিত উন্নয়ন মূলক পরিকল্পনা (PDP) ১০০% বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়:-৮ মাস্টার প্ল্যান প্রণয়ন ও মাস্টার প্ল্যান অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়ন করা। | পৌরসভার মাস্টার প্ল্যান বিষয়ে আলোচনাকালে অত্র পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব হাফিজুর রহমান বলেন যে, পৌরসভার মাস্টার প্ল্যান প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। আলোচনাকালে তিনি আরো জানান যে, পৌরসভা উন্নয়ন পরিকল্পনায় মাস্টার প্ল্যান কার্যকর হলে পৌরসভার সৌন্দর্য্য বৃদ্ধি পাবে। পৌরসভায় মাস্টার প্ল্যান প্রণয়ন কার্যক্রম শুরু হওয়ায় সকল সদস্যগণ পৌরসভাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক. পৌরসভার সকল উন্নয়ন কার্যক্রম মাস্টার প্ল্যান অনুযায়ী করার সুপারিশ করা হল।<br>খ. স্থায়ীকমিটির সভায় আলোচনা করা।<br>গ. প্রতি TLCC-র সভায় কার্যক্রম সম্পর্কে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-৯ পৌরসভার উন্নয়ন কার্যক্রম। | পৌরসভার উন্নয়ন কার্যক্রম নিয়ে আলোচনাকালে অত্র পৌরসভার উপ সহকারী প্রকৌশলী জনাব মো ঃ আনিচ্ছুজ্জামান জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে সরকারি উন্নয়ন তহবিলের টাকায় এখন পর্যন্ত দরপত্র আহব্বান করা হয় নাই। তবে অচিরেই দরপত্র আহব্বান করা হবে। এছাড়াও চলমান RUTDP প্রকল্পের ২০ কোটি টাকার কাজের অগ্রগতি ২৩%। কাজের অগ্রগতির হার অত্যন্ত ধীর গতি। তবে চেষ্টা করা হচ্ছে কাজের গতি বৃদ্ধি করার জন্য।<br><br>পৌরসভার উন্নয়ন কার্যক্রম আলোচনায় অংশ নিয়ে TLCC র সদস্য জনাব মিনহাজ আহাম্মেদ বলেন বড়বাজার হতে হাজরাহাটি পর্যন্ত রাস্তাটি টেন্ডার হয়েছে। জনস্বার্থ বিবেচনা করে বর্ষা মৌসুম আসার পূর্বেই কাজ করার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন রাস্তাটি ট্রাকটর দিয়ে রোলিং করলে জনসাধারণের চলাচলে কিছুটা সুবিধা হতো।<br>TLCC-র অন্যতম আরেক সদস্য জনাব মো ঃ ইমামুল হক (সাবেক ইঞ্জিনিয়ার) বলেন-চুয়াডাঙ্গা রেলওয়ে ওভারপাস নির্মাণ কাজ দ্রুত করার জন্য সড়ক ও জনপথ বিভাগকে অবগত করার অনুরোধ করেন এবং একইসাথে হাসপাতাল রোড একমুখী হওয়ার কারনে সুমিরদিয়া রাস্তায় চাপ পড়ছে। সুমিরদিয়া রাস্তাটি সংস্কার করার প্রস্তাব করেন। এছাড়াও তিনি গুলশান পাড়া হতে ছাত্তার সাহেবের বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ করার অনুরোধ করেন।<br>TLCC-র অন্যতম আরেক সদস্য জনাব মো ঃ সিরাজুল ইসলাম মনি বলেন-বেলগাছি রোডে ড্রেনের সংযোগ হওয়া জরুরী। এছাড়াও মুন্নার মোড় হতে বেলগাছি পর্যন্ত ফুট ড্রেন নির্মাণ করার প্রস্তাব করেন।<br>TLCC-র অন্যতম আরেক সদস্য জনাব মো ঃ মফিজুর রহমান মনা হাসপাতাল রোডে রহমান ও জনাব আবু তালেব প্রফেসর এর বাড়ির নক্সা আছে কি না জানতে চান। এ ছাড়াও তিনি আরো জানান ডাঃ আবুল হোসেন এর বাড়ির সামনে রাস্তার উপর গাড়ি দাড় করিয়ে রাখার কারনে জনসাধারনের চলাচলে অসুবিধা হচ্ছে। | ক. খারাপ রাস্তা/ড্রেন সমুহ দ্রুত মেরামত করার সুপারিশ হয়।<br>খ. RUTDP প্রকল্পের কাজ দ্রুততার সাথে সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেওয়ার জন্য সহকারী/উপসহকারী প্রকৌশলীকে সভায় নির্দেশনা দেওয়া হয়।<br>গ. জনস্বার্থ বিবেচনা করে পৌরসভার গুরুত্বপূর্ণ রাস্তা ও ড্রেন নির্মাণ করার জন্য RUTDP প্রকল্প ও কোভিড-১৯ প্রকল্পে প্রকল্প দাখিল করা আছে। প্রকল্প সমুহ অনুমোদনের অপেক্ষায় আছে। আশা করা হচ্ছে প্রকল্প সমুহ অচিরেই অনুমোদন হবে এবং জনদুর্ভোগ লাঘব হবে।<br>ঘ. ওভারপাসের কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করনের জন্য ইং ০৫-১১-২০২৫ তারিখের চুয়াঃ পৌঃ প্রশা ঃ ২০২৫/১২৬৩ (৬) নং স্মারকে সড়ক ও জনপথ বিভাগ, চুয়াডাঙ্গাকে পত্র প্রদান করা হয়। ইতোমধ্যে রেলওয়ে ওভারপাসের প্রকল্প সংশোধন পূর্বক বরাদ্দ সংশ্লিষ্ট খাতে স্থানান্তর হয়েছে। অচিরেই প্রকল্পের কার্যক্রম পুনরায় চালু পূর্বক সম্পন্ন হবে।<br>ঙ. হাসপাতাল রোডে রহমান ও জনাব আবু তালেব প্রফেসর এর বাড়ির নক্সা অনুমোদন আছে। ডাঃ আবুল হোসেন এর বাড়ির সামনে রাস্তার উপর যানবাহন থামিয়ে যানজট তৈরী করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হবে এবং এ লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালিত হচ্ছে। | সহকারী/ উপ-সহকারী প্রকৌশলী/সার্ভেয়ার/ উন্নয়ন বাস্তবায়ন কমিটি | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১০ পৌরসভার ইমারত নির্মাণ/পূন:নির্মাণ ও ভূমি উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ সম্পর্কে আলোচনা। | পৌরসভার ইমারত নির্মাণ/পূন:নির্মাণ ও ভূমি উন্নয়ন কার্যক্রমে নিয়ন্ত্রণ সম্পর্কে আলোচনা কালে পৌরসভার নক্সাকার জনাব মো ঃ আল-আমিন কবির বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের জানুয়ারী-মার্চ-২০২৬ পর্যন্ত দাখিলকৃত আবেদনের সংখ্যা ২৯ টি তন্মধ্যে নক্সা অনুমোদন করা হয়েছে ১৯ টি, যার বিপরীতে ৮,১৪,৩০৫/-টাকা আদায় করা হয়েছে। | ক. অবৈধ ইমারত নির্মাণকারীগণকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. পৌরসভায় মোট অনুমোদিত ইমারতের সংখ্যা পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি/সদস্য সচিব নক্সা অনুমোদন কমিটি | ৩ মাস |
| বিষয়:-১১ জেন্ডার সমতা ও সামাজিক অর্ন্তভূক্তিকরণ কর্মপরিকল্পনা (GESIAP) বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটিরসভাপতি জনাব মো ঃ তাজুল ইসলাম, জেন্ডার সমতা ও সামাজিক অর্ন্তভুক্তিকরণ কর্মপরিকল্পনা (GESIAP) বাস্তবায়ন নিয়ে আলোচনা কালে সভাকে জানান ২০২৫-২০২৬ অর্থ বছরে (GESIAP) বাস্তবায়নের জন্য রাজস্ব বাজেটের ১% বাবদ ১৩,৮২,২০০/-টাকা বরাদ্ধ রাখা হয়েছে। তন্মধ্যে জানুয়ারী-মার্চ-২০২৬ ৩য় কোয়ার্টারে ৬৩,০০০/- টাকা ব্যয় করা হয়।<br><br>জেন্ডার সমতা ও সামাজিক অর্ন্তভুক্তিকরণ কর্মপরিকল্পনা (GESIAP) বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা হয়। সভায় অসহায় ও দুস্থ নারীদের জীবন মান বৃদ্ধি করার জন্য GESIAP বাস্তবায়নে গুরুত্ব দেয়ার জন্য সুপারিশ করা হয়। | ক. নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরণী প্রস্তুত করে সদস্যদের মাঝে বিতরণ করা ও যথাসময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করা।<br>খ. ব্যয়ের ৫০% দরিদ্র নারীদের জীবিকা উন্নয়নে ব্যবহার করা।<br>গ. GESIAP বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তত ও প্রকাশ করা। | প্রশাসক/সভাপতি/সদস্য-সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি। | |
| বিষয়:-১২ দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ মাসুদুর রহমান সরকার, বলেন দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়নের লক্ষে রাজস্ব বাজেটের ১% বাবদ ১৩৮২২০০/-টাকা বরাদ্ধ রাখা হয়েছে। তন্মধ্যে জানুয়ারী-মার্চ,২০২৬ মাসে সর্বমোট ব্যয় ৮৮,৬৭৬/- টাকা। | ক.২০২৫-২০২৬অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী দারিদ্র হ্রাস করন কর্মপরিকল্পনা অনুমোদন বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. ব্যয়ের ৫০% দরিদ্র ব্যাক্তিদের জীবিকা উন্নয়নে ব্যয় করার সুপারিশ করা হয়। | প্রশাসক/সভাপতি/সদস্য-সচিব, দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। | ৩মাস |
| বিষয়:-১৩ হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্রঃ পৌরসভা আইন/২০০৯-এর ৫৫ ধারা)। | হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব জেসমিন আরা খাতুন বলেন পৌরসভা আইন/২০০৯-এর ৫৫ ধারা অনুযায়ী প্রতি অর্থ বছর শেষে হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করার বিধান রয়েছে তারই ধারাবাহিকতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের অভ্যান্তরীন নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে । | ক. পরবর্তী সভা যথা সময়ে অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. ত্রৈমাসিক হিসাব ও ব্যয়ের বিবরণী প্রস্তুত করা।<br>গ. পৌর পরিষদের অভ্যন্তরীন নিরীক্ষার আপত্তিসমূহ প্রস্তুত করে নিষ্পত্তি করার জন্য উপস্থাপন ও বক্ষ্যমান জবাবসহ প্রতিবেদন যথা সময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করা। | সভাপতি/হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১৪ হোল্ডিং ট্যাক্স-এর মাধ্যমে রাজস্ব আহরণ ও অন্তর্বর্তীকালীণ কর নির্ধারণ। | আলোচনার শুরুতে অত্র পৌরসভারকর নির্ধারক জনাব জাহাঙ্গীর আলম জানান যে, বর্তমানে পৌরসভা মোট হোল্ডিং সংখ্যা ১৮,৮১০টি। তার মধ্যে সরকারী হোল্ডিং সংখ্যা ১৭১টি এবং বেসরকারী হোল্ডিং সংখ্যা ১৮,৬৩৯টি। ২০২৫-২০২৬ অর্থ বছরের পৌর করের মোটদাবী ৮,৪৭,৩২,৮১৮/-টাকা। তার মধ্যে হাল দাবী ৬,২৬,২২,৮৬৭/-টাকা এবং বকেয়া দাবী ২,২১,০৯,৯৫১/-টাকা। ৩য় কোয়ার্টারে হাল আদায় ৩৭,৩৭,৫৫০/-টাকা এবং বকেয়া আদায় ১১,৮৫,৩২৩/-টাকা। মোট আদায় ৪৯,২২,৮৭৩/-টাকা। ৩য় কোয়ার্টার পর্যন্ত সর্বমোট আদায় হয়েছে-৪,৬৩,৪৮,৯১২/-টাকা।<br>অন্তর্বর্তী কর নির্ধারন বিষয়ে পৌরসভার কর নির্ধারক আরো বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে ৩য় কোয়ার্টারে নির্মিত হোল্ডিং সংখ্যা ১৮ টি, ধার্য্যকৃত পৌরকর ৪৭,৮৭০/-টাকা।<br>সভাপতি জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন যে, আপনাদের সহযোগিতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের ৩য় কোয়ার্টারে পৌর কর আদায়ের হার সন্তোষজনক নহে। পৌর কর আদায়ের জন্য আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি। | ক. সভার সিদ্ধান্ত মোতাবেক আদায় বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকায় ওয়ার্ড ভিত্তিক মাইকিং ও ক্যাম্পেইন করা।<br>খ. কর খেলাপিদের নোটিশ প্রদান এবং মহল্লায় মহল্লায় টিম প্রেরনের মাধ্যমে পৌরকর আদায়।<br>গ. উঠান বৈঠক ও WC বৈঠকে কর নির্ধারণ আদায় বিষয়ে আলোচনা করা।<br>ঘ. অন্তর্বর্তী কালীন পৌর কর নির্ধারণে গতিশীল করার লক্ষ্যে শক্তিশালী একটি টীম গঠন করে নিয়মিত কার্যক্রম অব্যহত রাখা।<br>ঙ. সকল বিভাগ থেকে জনবল নিয়ে শক্তিশালী বকেয়া কর আদায় টীম গঠন করা এবং কার্যক্রম অব্যাহত রাখা। | প্রশাসক/পৌরপরিষদ/ সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ/ কর শাখা /WC কমিটি/ TLCC -র সদস্যবৃন্দ | |
| বিষয়:-১৫ পরোক্ষ কর এবং ফি-এর মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যতীত)। | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কাজী শরিফুল ইসলাম বলেন যে, পৌরসভার নন-টাক্স খাতে ২০২৫-২০২৬ অর্থ বছরের মোট দাবী ৬,২৮,৮০,০০০/-টাকা। তন্মধ্যে ৩য় কোয়ার্টারে (জানুয়ারী-মার্চ,২০২৬) আদায় হয়েছে ৮৯,৯৭,৮৩৫/-টাকা। এ পর্যন্ত মোট আদায় ৩,৪২,৬১,৬৪১/-টাকা।<br>***দোকান ভাড়া:-** অত্র পৌরসভার বাজার পরিদর্শক (ভাঃ প্রাপ্ত) জনাব নার্গিস জাহান বলেন যে, পৌর মার্কেটের দোকান সংখ্যা ৯০টি। ২০২৫-২০২৬ অর্থ বছরে (বকেয়+চলতি) দাবীর পরিমাণ ৬,১৫,৯৭৫/-টাকা। ৩য় কোয়ার্টারে (জানুয়ারী-মার্চ,২০২৬) মাসে আদায়ের পরিমাণ ১,৪৫,৫৫০/-টাকা। এ পর্যন্ত মোট আদায় ৪,৩৮,৫৫০/- টাকা।<br>***ট্রেড লাইসেন্স:-** ২০২৫-২০২৬ অর্থ বছরে ৩৭৫৫টি ট্রেড লাইসেন্স প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে মোট দাবীর পরিমাণ ৯৮,৩০,৫০০/-টাকা। ৩য় কোয়ার্টারে ৩০৬ টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে, যার বিপরীতে বকেয়াসহ ৭,৫৪,৫১৯/-টাকা আদায় করা হয়েছে। এ পর্যন্ত মোট আদায় ৭৯,৬১,৭৯৫/- টাকা।<br>***সাবরেজিষ্টার অফিস হতে জমি রেষ্ট্রি বাবদ আয় (২% হারে):-** ২০২৫-২০২৬ অর্থ বছরে ভূমি উন্নয়ন কর (২% হারে) বাবদ ৩য় কোয়ার্টারে আদায়ের পরিমাণ ৩৭,১২,৯৩২/-টাকা।<br>*বিবিধ:-২০২৫-২০২৬ অর্থ বছরে বিবিধ আয় বাবদ ৩য় কোয়ার্টারে আদায়ের পরিমাণ ১৯,৫৬,৬৮৪/-টাকা। | ক. নন-টাক্স খাতে রাজস্ব আয় বাড়ানোর জন্য আয়ের খাত চিহ্নিত করার জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হয়।<br>খ. পৌর সভার নিজস্ব দোকান সমূহের চুক্তিপত্র নবায়নের জন্য পত্র প্রেরন।<br>গ. ট্রেড লাইসেন্স আয় বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সুপারিশ করা হয়।<br>ঘ. চলতি ২০২৫-২০২৬ অর্থ বছর হতে পৌর এলাকায় ইজিবাইক চলাচলের অনুমতি পত্র এবং অটো রিক্সা-ভ্যানের লাইসেন্স প্রদানে অধিক গুরুত্ব দেয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা/লাইসেন্স পরিদর্শক/বাজার পরিদর্শক | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১৬ কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটরের মাধ্যমে বিল বিতারণ। | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন বিষয়ে আলোচনাকালে কর আদায়কারী মো ঃ আশরাফুল আলম সভাকে জানান যে, ৩য় কোয়ার্টারে ১১,১০২ টি ট্যাক্স বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়। যার মধ্যে ৭৫৩ জন গ্রাহক পৌরকর পরিশোধ করেছেন।<br>তিনি আরো জানান পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়। প্রশাসক মহোদয় সম্মানিত সদস্যবৃন্দদেরকে পৌরকর আদায়ের হার আরো বৃদ্ধির জন্য আন্তরিক হওয়ার অনুরোধ জানান। | ক. কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>খ. পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।<br>গ. আদায় প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরনের সিদ্ধান্ত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা/কর আদায়কারী | ৩ মাস |
| বিষয়:-১৭ পানির শুল্ক নির্ধারণ ও আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা। | পানির শুল্ক নির্ধারণ ও আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনাকালে উপ-সহকারী প্রকৌশলী (পানি) জনাব আনিছুজ্জামান সভাকে জানান যে, পৌরসভায় ২০২৫-২০২৬ অর্থ বছরে মোট পানির সংযোগ সংখ্যা ৬৭৮৪ টি এবং মোট দাবীর পরিমার্ণ ২,৩৮,১৬,০৫৪/- টাকা। ৩য় কোয়ার্টারে আদায়ের পরিমান (জানুয়ারী-মার্চ,২০২৬) ৬৫,১৪,৬৬২/- টাকা। মোট আদায়ের পরিমান ১,৮৯,৯৪,৫৯৭/- টাকা<br>তিনি আরো বলেন যে, বকেয়া পানির বিল আদায়ে টিম গঠন করা হয়েছে এবং সেই সাথে সংযোগ বিচ্ছিন্ন অব্যাহত আছে। | ক. বকেয়া পানির বিল গ্রাহকদের বিরুদ্ধে লাইন কর্তন এবং বকেয়া বিল আদায়ে টিম গঠন করে অভিযান অব্যহত রাখা।<br>খ. যথা সময়ে পানির বিল পরিশোধ করার জন্য তাগিত পত্র প্রদান অব্যাহত রাখা। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়:১৮ সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্রঃ পৌরসভা আইন/২০০৯-এর ৫৫ ধারা)। | গত ১০-০৩-২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব ডা ঃ হাদী জিয়াউদ্দিন আহাম্মেদ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতি মহোদয় পৌর কর ও ট্রেড লাইসেন্স আদায়ে আরো সচেষ্ট হওয়ার আহব্বান জানান। | ক. প্রয়োজন অনুসারে জনবল দিয়ে আদায় কার্যক্রম জোরদার করা।<br>খ. অপ্রয়োজনীয় ব্যয় রোধ করা। | সভাপতি/পৌর নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা | প্রতি বছর |
| বিষয়:-১৯ কম্পিউটার ভিত্তিক হিসাব ব্যবস্থার প্রবর্তন ও কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন তৈরী করুন। | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা কালে পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে, প্রতি মাসের কম্পিউটারাইজড হিসাব প্রতিবেদন প্রস্তুত করা হয়। Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন প্রশাসক মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা হয় এবং ইং প্রতি মাসের ৫ তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হয়। সভায় হিসাব শাখার কার্যক্রমে সন্তোষ প্রকাশ করা হয়। | ক. প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করা।<br>খ. প্রতিবেদন প্রশাসক মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং যথা সময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষক | প্রতি মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়ঃ-২০ কর্মকর্তা/কমচারীদের বেতন-ভাতা, বিদ্যুৎ ও টেলিফোন বিল এবং ঋণ পরিশোধ বিষয়ে আলোচনা। | আলোচনাকালে অত্র পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব রিয়াজুল ইসলাম জানান যে, বর্তমানে পৌরসভার ডিসেম্বর/২৫ পর্যন্ত কর্মকর্তা/কমচারীদের বেতন-ভাতা সম্পূর্ণ পরিশোধ করা হয়েছে।<br>*** বিদ্যুৎ বিল:** বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত বিষয়ে সহকারী প্রকৌশলী মহোদয় সভাকে জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে জানুয়ারী-মার্চ,২০২৬ পর্যন্ত সড়ক বাতি বাবদ মোট বিদ্যুৎ বিলের পরিমাণ ১৯,২০,৫২১/-টাকা এবং পরিশোধের হার ১০০%।<br>***টেলিফোন বিল:** টেলিফোন বিল পরিশোধ করা নিয়ে আলোচনার শুরুতেই সভাকে জানানো হয় যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে জানুয়ারী-মার্চ,২০২৬ পর্যন্ত টেলিফোন ও ইন্টারনেট বিলের পরিমাণ ৩৩,৮৮৩ /-টাকা সম্পূর্ণ পরিশোধ করা হয়েছে, পরিশোধের হার ১০০%।<br>***অন্যান্য ঋণ:** সকল সরকারি ঋণ পরিশোধ করার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, বর্তমানে পৌরসভা কোন প্রতিষ্ঠানের নিকট হতে ঋণ গ্রহন করেন নাই। BMDF সংস্থা থেকে ঋণের কিস্তির সম্পূর্ণ টাকা পরিশোধ করা হয়েছে। পরিশোধের হার ১০০%। | ক. পৌর সভারকর্মকর্তা/কমচারীগণের বেতন-ভাতা নিয়মিত পরিশোধ করার জন্য সুপারিশ করা হল ।<br>খ. নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সুপারিশ করা হল।<br>গ. নিয়মিত টেলিফোন বিল পরিশোধ করার জন্যসুপারিশ করা হল । | প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ দিন |
| বিষয়ঃ-২১ স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদ অবচয় তহবিল হিসাব প্রবর্তন করা। | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিষ্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করার বিষয়ে আলোচনা কালে সভাকে জানানো হয় যে, পৌরসভার স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা চলমান আছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে সর্বশেষ তথ্য অনুযায়ী মোট নিজস্ব ভূমির পরিমাণ ১০.৫ একর, পৌর ভবন ০২টা, দোকান সংখ্যা ৯০টি, যানবাহন সংখ্যা ০০টি, জীপ গাড়ী ০৩টা, গার্বেজ ০৬টা, রোলার ০৪টা, ভ্যাকুয়াম ক্লিনার ০১টা. বৈদ্যুতিক লিফ্ট ০১টা)। সভায় জানতে চাওয়া হয় সম্পদ রেজিষ্টার আছে কি না। সম্পদ রেজিষ্টার না থাকলে রেজিষ্টার বানানোর জন্য আলোচনা করা হয়। | ক. স্থায়ী সম্পদের রেজিষ্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. স্থায়ী সম্পদের রেজিষ্টার হাল নাগাদ আছে কি না যাচাই করে দেখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয় এবং পরবর্তি সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।। | প্রকৌশলী/প্রশাসনিক কর্মকর্তা/ষ্টোর কীপার | প্রতি বছর |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-২২ ২৫% বার্ষিক বাজেটের বিধানসহ জেন্ডার সংবেদনশীল বার্ষিক (O&M) পরিকল্পনা প্রস্তত করা। | বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও ব্যয় বিষয়ে আলোচনাকালে উপ-সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে O&M পরিকল্পনা বাস্তবায়নের জন্য রাজস্ব বাজেটের ২৫% বাবদ ৪৬,২০,০০০/-(ছয়চল্লিশ লক্ষ বিশ হাজার) টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ ছাড়াও তিনি অত্র সভায় বলেন O&M কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ০১ বছর মেয়াদী কর্মপরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে। কর্মপরিকল্পনা সভায় তুলে ধরেন।<br>২০২৫-২০২৬ অর্থ বছরে পৌরসভার রাজস্ব ও উন্নয়ন বাজেট হতে O&M কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন খাতে ৩য় কোয়ার্টারে মোট ৪,৫৯,৫৯৫/-(চার লক্ষ উনষাট হাজার পাচশত পচানব্বই)টাকা ব্যয় করা হয়েছে। এ পর্যন্ত ব্যয় ১৪,১৭,৩৮৩/-(চৌদ্দ লক্ষ সতের হাজার তিনশত তিরাশি)টাকা।<br>আলোচনায় অংশ নিয়ে TLCC -র জনাব মো ঃ সিরাজুল ইসলাম মনি বলেন যে, উন্নয়ন কাজের গতি বৃদ্ধি সহ টেকসই উন্নয়ন এবং নতুন অর্থ বছরে নতুন উন্নয়ন পরিকল্পনা গ্রহনের আহবান জানান এবং সে সাথে বাস-টার্মিনাল আধুনিকীকরণ জরুরী। এছাড়া পাকা রাস্তা নির্মাণ করার প্রস্তাব দেন এবং কাজের গতি বাড়ানোর পরামর্শ দেন। | ক. উন্নয়ন কার্যক্রম সঠিক বাস্তবায়ন এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করাসহ পৌরসভার ওয়েব সাইটে প্রদর্শন করা।<br>খ. ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য বরাদ্দকৃত অর্থ হতে প্রয়োজন মাফিক ব্যয় করার সুপারিশ করা হলো।<br>গ. পৌরসভার ড্রেনেজ ব্যবস্থার সম্প্রসারণ ও নিয়মিত পরিষ্কার রাখার উপর জোর দেয়া হয়।<br>ঘ. সভাকে অবগত করানো হয় যে, কোভিড-১৯ প্রকল্পে বাস টার্মিনাল আধুনিকিকরনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এছাড়াও বাস টার্মিনালে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা ও অবৈধভাবে দখলকৃত মহিলা যাত্রী ছাউনি উচ্ছেদ করা হয়েছে। এছাড়াও নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট ইজারা গ্রহীতাকে নির্দেশনা দেওয়া হয়েছে। | প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়-২৩ অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য Mobile MaintenanceTeam (MMT) কার্যকর রাখা। | জরুরী মোবাইল মেইনটেনেন্স (MMT) বিষয়ে আলোচনাকালে সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, কার্যক্রম কর্মপরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। জরুরী মোবাইল মেইনটেনেন্স জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরে ১৪,২০,০০০/-(চৌদ্দ লক্ষ বিশ হাজার) টাকা বাজেট বরাদ্দ আছে। তার মধ্যে ৩য় কোয়ার্টারে ব্যয় ৫,৮৩,৯৪৩/-(পাচ লক্ষ তিরাশি হাজার নয়শত তিতাল্লিশ) টাকা।<br>আলোচনায় অংশ নিয়ে TLCC-এর সদস্য জনাব মো ঃ সিরাজুল ইসলাম মনি, জনাব মোঃ হামিদুর রহমান বলেন-আমাদের টেকশই উন্নয়ন করতে হবে। জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্থ রাস্তা সমূহ সংস্কার করা এবং ড্রেনের উপর স্লাব নির্মাণ করার পুণরায় অনুরোধ করেন এবং প্রকল্পের কাজের গুনগত মান ভালো থাকায় সন্তোষ প্রকাশ করেন। | ক. ২০২৫-২০২৬অর্থ বছরে এই খাতে বরাদ্দকৃত অর্থ পরিকল্পনা অনুযায়ী ব্যয় করার সুপারিশ করা হল।<br>খ. অপারেশন ও রক্ষণাবেক্ষণ (O&M) পরিকল্পনা হালনাগাদ ও চলমান রাখা।<br>গ. ত্রৈমাসিক ভিত্তিতে ব্যয়ের অনুপাত বজায় রাখা। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-২৪ রাস্তা ও ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ বিষয়ক আলোচনা। | ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনাকালে কঞ্জারভেন্সী পরিদর্শক সভাকে জানান যে, ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষনের জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরে ১,০৩,৫৫,০০০/-(এক কোটি তিন লক্ষ পঞ্চান্ন হাজার)টাকা বাজেট বরাদ্দ আছে। ৩য় কোয়ার্টারে ব্যয় করা হয়েছে ১৩,৮৩,১৮০/- (তের লক্ষ তিরাশি হাজার একশত আশি) টাকা। এ পর্যন্ত ব্যয় ৪০,৮৫,০৯৫/- (চল্লিশ লক্ষ পচাঁশি হাজার পচাঁনব্বই) টাকা।<br>TLCC-র অন্যতম সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম মনি জনাব রউফুন নাহার রিনা বলেন- ড্রেনের উপর স্লাব না থাকায় ড্রেনের ভিতর মাটি, আবর্জনা ফেলা এবং প্রায়ই ছোটখাট দুর্ঘটনা ঘটছে। আবর্জনা ফেলায় ড্রেনের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এ ছাড়াও জনাব রউফুন নাহার আরো সিনেমা হল পাড়ায় ড্রেনের উপর স্লাব দেয়ার জন্য অনুরোধ করেন। তাছাড়াও জনাব মো ঃ সিরাজুল ইসলাম মনি বর্ষা মৌসুম আসার পুর্বেই সকল ড্রেন পরিষ্কার-পরিচ্ছন্ন হওয়া জরুরী বলে মনে করেন।<br>এছাড়াও TLCC-র আরেক জন সদস্য জনাব মাহামুদুল হক পল্টু তার বাড়ির পিছনে ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন করাসহ একটি ডাষ্টবিন করার প্রস্তাব করেন।<br>এছাড়াও TLCC-র আরেক জন সদস্য জনাব মো ঃ শফিকুল ইসলাম পিটু বাগান পাড়া বাবলু কাউন্সিলরের (সাবেক) বাসার সামনের মুখে ড্রেন আছে। ড্রেনের উপর স্লাব দেয়ার জন্য প্রস্তাব করেন।<br>পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী বলেন যে, আপনাদের সহযোগীতায় ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ কর্ম-পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। তিনি আরও বলেন বাজেট বরাদ্দ অনুযায়ী ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কাজে আরো গতিশীল করা হবে এবং সরকারী বরাদ্দ পাওয়া গেলে ড্রেনের উপর স্লাব স্থাপনের কাজ করা হবে। | ক. সকল ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ আরো জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>খ. ড্রেনের উপর স্লাব স্থাপন ২০২৫-২০২৬ অর্থবছরে সরকারী অর্থ প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।<br>গ. সিনেমা হল পাড়াসহ গুরুত্বপূর্ণ স্থানে ড্রেনের উপর স্লাব দেয়ার সুপারিশ করা হয়।<br>ঘ. জনাব মাহামুদুল হক পল্টু তার বাড়ির পিছনে ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছনতা কি অবস্থায় আছে তা সরেজমিনে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কঞ্জারভেন্সী পরিদর্শককে নির্দেশনা প্রদান করা হয়।<br>ঙ. বাগান পাড়া বাবলু কাউন্সিলরের (সাবেক) বাসার সামনের মুখে ড্রেনের অবস্থা সরেজমিনে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য কঞ্জারভেন্সী পরিদর্শককে নির্দেশনা দেওয়া হয়।। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/কঞ্জারভেন্সী পরিদর্শক | ৩ মাস |
| বিষয়:-২৫ সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি (IIT) ব্যবহার করা (সূত্রঃ পৌরসভা আইন/২০০৯-এর ৫৪ ধারা)। | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন করা ও বিতরন করা চলমান আছে। বর্তমানে এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার, পৌরকর, পানি সরবরাহ কর, ট্রেডলাইসেন্স ও ডিজিটাল সেন্টার চলমান আছে। চুয়াডাঙ্গা পৌরসভার ওয়েবসাইট খোলা হয়েছে যাহার ঠিকানা নিম্নরুপ যেমন- www.chuadangapouroshava.org. বর্ণিত ওয়েব সাইটে পৌরসভার সকল তথ্য সন্নিবেশিত আছে। | ক. অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন অব্যাহত রাখা।<br>খ. পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করার কাজ চলমান রাখা । | পৌর নির্বাহী কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-২৬ বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা। | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনাকালে কঞ্জারভেন্সী পরিদর্শক সভাকে জানান যে, বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। সভাকে আরো অবগত করা হয় যে, নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরে ১,১৩,৫৫,০০০/-(এক কোটি তেরলক্ষ পঞ্চান্ন হাজার )টাকা বাজেট বরাদ্দ আছে। ৩য় কোয়ার্টারে ব্যয় হয়েছে ১৬,৩৪,২৬২/(সোল লক্ষ চৌত্রিশ হাজার দুইশত বাশট্টি টাকা)। এপর্যন্ত ব্যয় ৫৩,৫১,৭২৯/-(তিপান্ন লক্ষ একান্ন হাজার সাতশত উনত্রিশ )টাকা। আলোচনায় অংশ নিয়ে TLCC-র সদস্য জনাব মো ঃ শফিকুল ইসলাম পিটু বলেন-রেল বাজারে কিছু কাচাঁ মালের দোকান আছে। কিন্তু বাজারের কসাইরা গরু/ছাগল জবাই করে ময়লা আবর্জনা অপসারণ না করার কারনে বাজারে খুবই দুর্গন্ধ। তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।<br>পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কাজী শরিফুল ইসলাম বলেন যে, শহরকে অধিকতর পরিছন্ন রাখার জন্য বাড়ির আবর্জনা অপসারনে হোম সার্ভিস চালু করা হয়েছে।<br>আলোচনায় অংশ নিয়ে TLCC-র সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম মনি বলেন যে, বাড়ির আবর্জনা অপসারনে হোম সার্ভিস চালু করায় প্রশাসক মহোদয়কে ধন্যবাদসহ পৌর সভার বিভিন্ন স্থানে ১০ টি ডাষ্টবিন করার প্রস্তাব দেন এবং এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | ক. রেল বাজারের বর্জ্য কি ভাবে অপসারণ করা যায় তা সরেজমিনে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌরসভার সেনেটারী ইন্সপেক্টর ও কঞ্জারভেন্সী পরিদর্শক-কে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. মহল্লায়-মহল্লায় বাড়ির ময়লা আবর্জনা সরানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক ভ্যান সরবরাহ করা ।<br>গ. পৌরসভার বিভিন্ন স্থানে ১০ টি ডাষ্টবিন স্থাপনের সিদ্ধান্ত সুপারিশ আকারে গৃহীত হয় এবং বার্ষিক উন্নয়ন সহয়তা বাজেটে হতে টেন্ডার সংক্রান্ত অর্থ বরাদ্দ দেয়া হয়েছে মর্মে জানানো হয়। | নির্বাহী প্রকৌশলী/ কঞ্জারভেন্সী পরিদর্শক | ৩ মাস |
| বিষয়-২৭ সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা গ্রহন বিষয়ে আলোচনা। | সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি/মালামাল ক্রয় এবং ১০০% সড়ক বাতি সচল রাখার বিষয়ে পৌরসভা সচেষ্ট। তবে ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০২৫-২০২৬ অর্থ বছরে ৭০,৫০,০০০/- (সত্তর লক্ষ পঞ্চাশ হাজার)টাকা বাজেট বরাদ্দ রাখা আছে। ৩য় কোয়ার্টারে ব্যয় হয়েছে ১৪,০৩,৯১৭/-(চৌদ্দ লক্ষ তিন হাজার নয়শত সতের )টাকা। এ পর্যন্ত ব্যয় ২৮,০০৬২০/-(আটাশ লক্ষ ছয়শত বিশ) টাকা।<br>অতঃপর ১০০% সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে TLCC-র অন্যতম সদস্যজনাব মোঃ সিরাজুল ইসলাম মনি, জনাব আশরাফ বিশ্বাস মিল্টু ও জনাব মোছাঃ পারুলা খাতুন সড়ক বাতির বর্তমান কার্যক্রম সন্তোষ জনক হওয়ায় পৌরসভাকে ধন্যবাদ দেন। তবে প্রত্যেক ওয়ার্ডে কমবেশী বৈদ্যুতিক লাইটের সমস্যা রয়েছে তা দ্রুত সমাধান করার উপর গুরুত্ব আরোপ করেন। | ক. সড়ক বাতি মেরামত ও সচল রাখার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>খ. ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ পরিকল্পনা মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ. পৌর এলাকাতে যে সকল নতুন পোল পিডিবি কর্তৃক স্থাপন করা হয়েছে। সে সকল পোলে পর্যায়ক্রমে সড়ক বাতি স্থাপন করার সিদ্ধান্ত সুপারিশ আকারে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সড়ক বাতি পরিদর্শক | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-২৮ স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা ও অগ্রগতি বিষয়ক আলোচনা। | স্যানিটেশন কার্যক্রম নিয়ে আলোচনাকালে উপ-সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, পৌরসভা কর্তৃক স্যানিটেশন বিষয়ক যাবতীয় কার্যক্রম অব্যাহত আছে। এজন্য পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেটে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ টাকা মাত্র)টাকা বরাদ্দ আছে। সভাকে আরো জানানো হয় স্যানিটেশন বিষয়ক কার্যক্রমে ২০২৫-২০২৬ অর্থ বছরে ৩য় কোয়ার্টারে ব্যয় হয়েছে ২২,৫০০/-(বাইশ হাজার পাঁচশত)টাকা, এ পর্যন্ত ব্যয় ২,৬৯,৪৭০/- (দুই লক্ষ উন্নশত্তর হাজার চারশত সত্তর)টাকা<br>কর্মপরিকল্পনা অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে। স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল গনশৌচাগার, কমিউনিটি টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। TLCC-র সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম মনি, জনাব মাহমুদুল হক পল্টু ও জনাব স্বর্ণালী খাতুন স্যানিটেশন কার্যক্রম বিষয়ে আরো নজর দেয়ার পরামর্শ দেন। | ক. স্যানিটেশন কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>খ. বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় করার সুপারিশ করা হয়।<br>গ. স্যানিটেশন কার্যক্রম বৃদ্ধি করার জন্য সুপারিশ করা হয়। | সেনেটারী ইন্সপেক্টর/ কঞ্জারভেন্সী ইন্সপেক্টর | ৩ মাস |
| বিষয়:-২৯ সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | পৌর নির্বাহী কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী, হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজ উন্নয়ন কর্মকর্তা, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, কর আদায়কারী, লাইসেন্স পরিদর্শক, এ্যাসেসর ছাড়াও তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের প্রশিক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক. পৌরসভার নিজস্ব অর্থ দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের গত ইং ২৯-০৬-২০২৫তারিখে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগামীতে পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীদের কর্ম দক্ষতা বৃদ্ধির জন্য পৌরসভার নিজস্ব অর্থ দিয়ে প্রশিক্ষণ প্রদান করার জন্য সভায় সর্বসম্মত সুপারিশ গৃহীত হয় এবং এ সংক্রান্ত বাজেট বরারদ্দ রাখা হয়। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা/সমাজ উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রতি বছর |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিবিধঃ<br>ক. আবুল হোসেন পাবলিক লাইব্রেরী (শ্রীমন্ত টাউন হল) নিলাম সংক্রান্ত বিষয়ে আলোচনা:- | সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন যে, শ্রীমন্ত টাউন হল ও আবুল হোসেন পাবলিক লাইব্রেরীকে আরো আধুনিকায়ন করা হবে। বর্ণিত লাইব্রেরীর কাঁচের দেয়ালগুলো নতুন ভাবে সংযোজন পূর্বক পুনঃস্থাপন করা হয়েছে এবং সকল বইগুলো শেলফে উঠানো হয়েছে। শিক্ষা ও আইসিটি কর্তৃক রিপোর্ট না পাওয়ার ফলে সভা বিলম্ব হচ্ছে। সভায় উপস্থিত TLCC সদস্য জনাব মো ঃ সেলিমুল হাবীব বিগত সরকারের সময়ে টাউন হল ভেঙ্গে ফেলা এবং পুরাতন ভবন কত টাকায় বিক্রি করা হয়েছে তা জানানোসহ পূর্ণাঙ্গ রুপে লাইব্রেরী চালু করা এবং ফ্রী ওয়াই-ফাই চালু করার প্রস্তাব করেন।<br>সভায় উপস্থিত TLCC-র সদস্য জনাব মো ঃ সিরাজুল ইসলাম মনি বলেন নতুন পৌর পরিষদ আসার পর লাইব্রেরীসহ অন্যান্য বিষয় পূর্ণাঙ্গরুপে চালু করার প্রস্তাব করেন।<br>TLCC-র অন্যতম সদস্য এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী জনাব মো ঃ জাহাঙ্গীর আলম আলোচনাকালে জানান টাউন হল ভেঙ্গে ফেলা এবং পুরাতন ভবন কত টাকায় বিক্রি করা হয়েছে বা কিভাবে একটা ভবন ভেঙ্গে ফেলা হয় সে সম্পর্কে সভায় উপস্থিত সকলকে বিস্তারিত ধারনা দেন। | ১) সম্মানিত সকল সদস্যদের সুবিধার্থে জানানো হয় টাউন হল ভেঙ্গে ফেলা এবং পুরাতন ভবন কত টাকায় বিক্রি করা হয়েছে তা বিগত ১৭ তম TLCC সভায় বিস্তারিত বিবরণ দেওয়া আছে।<br>২) আগামী TLCC সভার পূর্বেই লাইব্রেরীতে পাঠকদের সুবিধার্তে ফ্রি ওয়াই-ফাই লাইন দেওয়ার সিদ্ধান্ত সুপারিশ আকারে গৃহীত হয় এবং সিসি টিভি গুলো সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। তরুণ প্রজন্মের শিক্ষার্থীদের পাঠভ্যাস তৈরীর জন্য বিভিন্ন বই ক্রয় করার নিমিত্তে বার্ষিক উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক/পৌর পরিষদ/ কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| খ. পুরাতন স্টেডিয়ামের সামনে ফলের দোকান স্থানান্তর ও পকেট গেইট নির্মাণ সম্পর্কে আলোচনা:- | * TLCC-র অন্যতম সদস্য জনাব সিদ্দিকুর রহমান রেল ষ্টেশনের পূর্ব প্লাটফর্মে পকেট গেইট নির্মাণ করার প্রস্তাব করেন। ঠিক একই বিষয়ে TLCC-র আরেক অন্যতম সদস্য জনাব মো ঃ আহাম্মেদ মালিক সুজন প্রস্তাব করেন যে, শহরের ব্যস্ততম সড়কের পাশে পোষ্ট অফিসের সামনে ছোট ছোট দোকান ঘরে ফুল বিক্রয় করা হয়। যার কারনে অনেক সময় যান জটের সৃষ্টি হয়। তিনি ফুলের দোকান সমুহ পুরাতন স্টেডিয়ামের সামনে স্থানান্তর করার প্রস্তাবসহ ষ্টেশনের পূর্ব প্লাটফর্মে পকেট গেইট নির্মাণ করার দাবী জানান। সভায় এ বিষয়ে আলোচনা প্রশাসক মহোদয় জানান রেল ষ্টেশনের পূর্ব প্লাটফর্মে পকেট গেইট নির্মাণ করার জন্য বাংলাদেশ রেলওয়ের অনুমতি প্রয়োজন এবং একইসাথে ফুলের দোকান সমুহ পুরাতন স্টেডিয়ামের সামনে স্থানান্তর করতে হলে আপনাদের প্রতিনিধির মাধ্যমে জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় প্রস্তাব তুলে ধরার পরামর্শ দেন। সভায় এ বিষয়ে আলোচনা পূর্বক কিছু সিদ্ধান্ত সুপারিশ আকারে গৃহীত হয়। | (১) রেল ষ্টেশনের পূর্ব প্লাটফর্মে পকেট গেইট নির্মাণ ও পোষ্ট অফিসের সামনে ফুলের দোকান সমুহ পুরাতন স্টেডিয়ামের সামনে স্থানান্তর করতে হলে আপনাদের প্রতিনিধির মাধ্যমে জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় প্রস্তাব তুলে ধরার সিদ্ধান্ত সুপারিশ আকারে গৃহীত হয় এবং বাংলাদেশ রেলওয়ে অনুমতি/অনাপত্তি নেয়ার জন্য পত্র প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন। অনাপত্তিনামা দিলে পৌরসভা কাজটি বাস্তবায় করতে পারবে। | | |
| গ. হাট-বাজারের খাজনা আদায় বিষয়ে আলোচনা- | TLCC-র আরেক অন্যতম সদস্য জনাব মো ঃ নুর আব্বাস বলেন- বড় বাজার, কেদারগঞ্জ বাজারসহ অন্যান্য বাজারে খাজনা আদায়ের জন্য টোল চার্ট টাঙ্গানোর প্রস্তাব করেন। | (২) বড় বাজার, কেদারগঞ্জ বাজারসহ অন্যান্য বাজারে খাজনা আদায়ের জন্য টোল চার্ট টাঙ্গানোর জন্য ইজারাদারদেরকে নির্দেশনা প্রদানের জন্য পত্র প্রদান করা হয়। | | |

সম্মানিত সভাপতি ও পৌর প্রশাসক মহোদয় সভায় উপস্থিত TLCC-র সদস্যদের ধন্যবাদসহ সবাইকে পৌরসভার উন্নয়নের স্বার্থে পৌরকর আদায়ের জন্য সকলে এগিয়ে আসা এবং উন্নয়নের অংশীদার হওয়ার আহব্বান জানান। অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তিঘোষনা করেন।

০৯/০৪/২০২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং- চুয়াঃ/পৌঃ/TLCC-৩/৪-২০১৮/২০২৬/২৮৩/১(৫০)

তারিখ ঃ ০৯-০৪-২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP), এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩। জনাব.........................................................................................................................সদস্য, TLCC, চুয়াডাঙ্গা পৌরসভা।
০৪। অফিস কপি, চুয়াডাঙ্গা পৌরসভা।

০৯/০৪/২০২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা